"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**জাতীয় মহিলা সংস্থা**
**জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)**
**১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ মনিরুজ্জামান<br>প্রকল্প পরিচালক (উপসচিব)<br>জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)। |
| সভার তারিখ ও সময় | : ৩১ জানুয়ারি ২০২২ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা। |
| সভার স্থান | : অনলাইন প্লাটফর্ম (ZOOM)। |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য। |

জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) শীর্ষক প্রকল্পের জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে প্রশিক্ষণ অগ্রগতি নিয়ে অনলাইন প্লাটফর্ম (Zoom) এ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সম্মানিত সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে স্বাস্থ্যবিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে সরকারি নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ ও দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে বলেন। অতঃপর তিনি সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ) কে আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সহকারী পরিচালক সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে আলোচ্যসূচি উপস্থাপন করেন যা নিম্নরুপ:

**বিগত সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন:**
বিগত ২১ ডিসেম্বর ২০২১ তারিখে ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন করা হয় এবং বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করা হয়।

**আলোচনা:**
**১) কোভিড-১৯:**

কোভিড-১৯ বৈশ্বিক মহামারী দিন দিন বৃদ্ধি পাওয়ায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা/না রাখা নিয়ে উপস্থিত সম্মানিত সদস্য তাদের মতামত ব্যক্ত করেন। অনেকে চলমান রাখার পক্ষে যুক্তি তুলে ধরেন। আবার অনেকে চলমান না রাখার পক্ষে যুক্তি তুলে ধরেন।

সভাপতি মহোদয় এ বিষয়ে মন্ত্রীপরিষদ বিভাগ এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। যে সকল কর্মকর্তা/কর্মচারী এবং প্রশিক্ষণার্থী কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন তাদের পজেটিভ রিপোর্টসহ পত্রের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করতে বলেন।

**২। জানুয়ারি-জুন সেশনের প্রশিক্ষণ:**

চলমান সেশনে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। অধিকাংশ সম্মানিত সদস্য মতামত প্রদান করেন যে, বৈশ্বিক মহামারীর মধ্যেও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখা সম্ভব হলে নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিলেবাস শেষ করা সম্ভব হবে।
সভাপতি মহোদয় সরকারী নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সকলকে অনুরোধ করেন।

**৩) ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট অনুমোদন:**

সহকারী পরিচালক উপস্থাপন করেন যে, মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত "ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (ICVGD) (২য় পর্যায়) প্রকল্পের অব্যয়িত অর্থ থেকে "জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)" এ উপযোজনের মাধ্যমে বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রস্তাব গত ২৯/১২/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পরিকল্পনা কমিশনের আর্থ সামাজিক অবকাঠামো বিভাগের স্কাইসোয়াম উইং এ প্রেরণ করা হয়েছে।

স্কাইসোয়াম উইং এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ অব্যাহত ছিল। ২৫/০১/২০২২ তারিখে এ উইং থেকে প্রস্তাব কার্যক্রম বিভাগে প্রেরণ করা হয়েছে। কার্যক্রম বিভাগের সাথেও সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে।

এ বিষয়ে কয়েকজন সম্মানিত সদস্য জানতে চান, কবে নাগাদ বাজেট অনুমোদন হতে পারে বা আমরা পেতে পারি। সভাপতি মহোদয় তাদের উদ্দেশ্যে বলেন, আমি বা আমার প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আশা করি ০১ (এক) মাসের মধ্যে প্রস্তাবিত বাজেট অনুমোদিত হবে।

**৪। নথি ও রেজিস্টার মেইনটেইন:**

সহকারী পরিচালক উল্লেখ করেন যে, প্রকল্প পরিচালক মহোদয়ও প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণ সম্প্রতি বিভিন্ন জেলা পরিদর্শন করেছেন। পরিদর্শনে দেখা যায়, আর্থিক বিষয়সহ গুরুত্বপূর্ণ দাপ্তরিক বিষয় নথিতে উপস্থাপন করা হয় না। এমনকি অনেক কেন্দ্রে নথি একবারেই ব্যবহার করা হয় না। এছাড়া চেক রেজিস্টার, ক্যাশবুক, সম্পদ রেজিস্টার মেইনটেইন করা হয় না। তিনি আরো বলেন, চলমান প্রকল্পের প্রথম দিকে কর্মকর্তাগণকে টিওটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এ বিষয়ে জেলা কেন্দ্রের কয়েকজন সদস্য এবং নবযোগদানকৃত কর্মকর্তাগণ বলেন, পুনরায় টিওটি প্রশিক্ষণের আয়োজন করলে আমরা উপকৃত হব এবং যথাযথভাবে নথি ও রেজিস্টার মেইনটেইন করা সহজ হবে।

এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, চলমান প্রকল্পের শুরু থেকে অদ্যাবধি পর্যন্ত নির্দিষ্ট তারিখ অনুযায়ী নথি উপস্থাপন করতে হবে। নথির নোটাংশের বর্ণনা অনুযায়ী পত্রাংশে যথাযথ ডকুমেন্ট অর্থাৎ বিল ভাউচার, ক্যাশ মেমো থাকতে হবে এবং নথি, বিল ভাউচার ক্যাশমোমো যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। এছাড়া আর্থিক বিধি বিধান অনুসরনপূর্বক চেক রেজিস্টার, ক্যাশবুক, সম্পদ রেজিস্টার ও স্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী প্রতিটি কেন্দ্রের আর্থিক বিষয় যাচাই করা হবে।
তিনি আরো বলেন, বাজেট প্রাপ্তি সাপেক্ষে নথি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৫। DBWCTP64 Innovation Team কার্যক্রম:**

প্রকল্পের সম্মানিত প্রোগ্রামার উপস্থাপন করেন যে, DBWCTP64 Innovation Team নতুন Apps তৈরি, ইউটিউব চ্যানেল সম্প্রচারের বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত সদস্য একমত পোষণ করেন।
সভাপতি মহোদয় DBWCTP64 Innovation Team এর মাধ্যমে যথাসময়ে নতুন Apps তৈরি ও ইউটিউব চ্যানেল সম্প্রচারের বিষয়ে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

**বিবিধ:**

বিবিধ আলোচনায় বিভিন্ন জেলার কর্মকর্তাদের বিভিন্ন প্রশ্নের পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন কোভিড-১৯ এ আক্রান্ত ৩ জন কর্মকর্তার তথ্যসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ বা প্রশিক্ষণার্থী আক্রান্ত হলে পজেটিভ রিপোর্টসহ তাদের তথ্য প্রধান কার্যালয়কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।

পে-স্কেল ২০১৫ এবং আর্থিক বিধি-বিধান অনুযায়ী নবযোগদানকৃত কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান করা হবে। এ বিষয়ে প্রধান কার্যালয় হতে অচিরেই পত্র প্রেরণ করা হবে।
চলমান ব্যাচ থেকে প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সম্পন্ন করেছেন মর্মে সনদ সনদ প্রদান করা হবে। একইভাবে ইণ্টার্ণীদেরকে ইন্টার্ণশীপ শেষে সনদ প্রদান করা হবে। কোভিড-১৯ সংক্রমণ বেড়ে যাওয়ায় কর্মকর্তা, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের জন্য মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সার্বিক মতামত/সুপারিশ/সিদ্ধান্ত:**

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | যে সকল কর্মকর্তা/কর্মচারী এবং প্রশিক্ষর্ণার্থী কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন তাদের পজিটিভ রিপোর্টসহ পত্রের মাধ্যমে আগামী ১৫/০২/২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষক (কম্পিউটার) |

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| ০২ | আর্থিক বিধি-বিধান অনুসারে নথি উপস্থাপন ও দালিলিক প্রমানসহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হতে হবে। এছাড়া চেক রেজিস্টার, ক্যাশবুক ও সম্পদ রেজিষ্টার যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ও সংরক্ষণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষক (কম্পিউটার) |
| ০৩ | জানুয়ারি-জুন ২০২২ সেশন হতে সকল প্রশিক্ষণার্থীদের জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) হতে প্রশিক্ষণ শেষে সদনপত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ |
| ০৪ | ইন্টার্ণীদের সফলভাবে দায়িত্ব পালন শেষে ইন্টার্ণশীপ সম্পন্ন করেছেন মর্মে সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ |
| ০৫ | ওয়েবসাইট হালনাগাদ, ইউটিউব চ্যানেল সম্প্রচার, Apps তৈরি করতে হবে। DBWCTP64 Innovation Team এ বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | DBWCTP64 Innovation Team |
| ০৬ | সর্বোপরি কোভিড-১৯ সংক্রমন বৃদ্ধি পাওয়ার কারণে মন্ত্রীপরিষদ বিভাগ ও জাতীয় মহিলা সংস্থা কর্তৃক জারিকৃত পরিপত্র মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। | সহকারী প্রোগ্রামার/প্রশিক্ষক (কম্পিউটার) |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সকলের সুস্থতা কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত

(মোঃ মনিরুজ্জামান)
প্রকল্প পরিচালক (উপসচিব)
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার
প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।

স্মারক নং-৩২.০২.০০০০.০০০.২০.০০২.২২-১৭২

তারিখঃ ১০/০২/২০২২ খ্রিঃ

**বিতরণ-সদয় কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা (সকল)।
২। প্রোগ্রামার, জেলাভিত্তিক মহিলা প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
৩। সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ), জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
৪। সহকারী প্রোগ্রামার, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) সকল।
৫। তথ্য প্রদানকারী কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। প্রশিক্ষক (কম্পিউটার), জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) সকল।
৭। পিএ টু চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৫৪, নিউ বেইলী রোড, ঢাকা।
৮। পিএ টু নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৫৪, নিউ বেইলী রোড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

১০/০২/২০২২
(মোহাম্মাদ আবুল বাশার ফকির)
সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোন: ০২৪৮৩১১৫৯৮